



WORLD LOCALIZATION DAY JUNE 21 2020

www.worldlocalizationday.org

#WorldLocalizationDay

বিশ্ব স্থানীয়করণ দিবস

২১ জুন ২০২০

বৈশ্বিক থেকে স্থানীয়

মানুষ ও পৃথিবীর সুন্দর কল্যাণের নিমিত্তে টেকসই-কাঠামোগত সংস্কারের উদ্দেশ্যে গৃহীত বিশ্ব স্থানীয়করণ দিবস অশেষ আশাবাদের এক অনন্য উদ্যোগ।

স্থানীয়করণ?

সুদূরপ্রসারী অসীম সম্ভাবনার একটি অনাড়ম্বর ধারণা।

তুমুল জনপ্রিয় খাদ্য আন্দোলনগুলো আমাদের স্পষ্টভাবে দেখাতে সক্ষম হয়েছে যে অর্থনীতিকে বাসগৃহের নিকটবর্তী করতে পারলে সবরকম সুবিধা নিশ্চিত করা সম্ভব। চরম দারিদ্র্য, জলবায়ু পরিবর্তন, মাদকাসক্তি এবং প্রজাতি বিনাশের মত বিপুল সংকটে নিমজ্জিত সভ্যতায় 'স্থানীয়করণ' আজ সবার জন্যই মঙ্গলজনক একটি সমাধান রূপে আবির্ভূত হয়েছে।

মূলধারা সম্প্রচার মাধ্যমের একেবারে নাকের ডগায় কার্যত কোনো রকম সরকারি সহায়তা ছাড়াই প্রত্যেকটি মহাদেশের তৃণমূল পর্যায় থেকে কয়েক দশক ধরে একটু একটু করে গড়ে উঠেছে 'স্থানীয়করণ আন্দোলন'। জনগণ আবার স্থানভিত্তিক ও মানবিক জীবনযাত্রার সাথে মানানসই সেই অর্থ-ব্যবস্থার বুনন মজবুত করার লক্ষ্যে নিবিড় তৎপরতা চালিয়ে যাচ্ছেন, কেননা সামাজিক ও ব্যক্তিগত সুখের বুনয়াদ রচনা করতে পারে একমাত্র স্থানিক অর্থনীতি। উৎপাদক ও ভোক্তার মধ্যকার বিদ্যমান দূরত্ব কমিয়ে মানুষ পরস্পর পরস্পরের সাথে এবং মাটির সাথে নিজেদেরকে যুক্ত করে নিয়েছে। এটাই হলো 'সুখের অর্থনীতি'।

স্থানীয়করণের মাধ্যমে প্রান্তিক বিপন্ন কেন্দ্র, কৃষি খামার ও আঞ্চলিক ব্যবসায় সহায়তার হাত বাড়িয়ে দেয়া হয়। এতে অর্থের প্রবাহ নিজস্ব এলাকার গণ্ডির মধ্যে থাকে। আপনার বাস্তবিক, আর্থিক ও মানবিকভাবে বসবাসের স্থানেই বিনিয়োগের সুযোগ করে দেয় 'স্থানীয়করণ'। দেশজ উপকরণ ও সম্পদ (মনুষ্য এবং প্রাকৃতিক উভয় সম্পদই) ব্যবহার করে পরিবেশের সাথে সংহতি রেখে ঘরবাড়ি ইত্যাদি নির্মাণের আয়োজন করে এ ব্যবস্থা। এ আন্দোলনের মাধ্যমে জবাবদিহিতাহীন দানবীয় কোম্পানী থেকে মুখ ফিরিয়ে নেয়া যায়। বৈশ্বিক একচেটিয়া পুঁজিকে কর সুবিধা, ভর্তুকি ও আইনগত সুবিধা দেয়া থেকে সরে এসে স্থানিক ব্যবসা ও শিল্পকে সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণের জন্য রাজনৈতিক প্রতিরোধ গড়ে তোলার উপায় দেখায় 'স্থানীয়করণ'।

আমরা ইতিহাসের এক নজিরবিহীন সংকটের মুহূর্তে উপনীত হয়েছি। করোনা মহামারি বৈশ্বিক আর্থিক ব্যবস্থাকে ভীষণভাবে স্তব্ধ করে দিয়েছে বলে সবাই এখন প্রচলিত ব্যবস্থার চালিকাশক্তিগুলোর অক্ষমতা স্বীকার করছেন।

করোনা পরবর্তী পূর্বের অবস্থায় ফিরে গেলে?

কর্পোরেশন কর্তৃক প্রবল নিয়ন্ত্রণ
মৌলিক চাহিদা পূরণের জন্য বৈশ্বিক যোগান
ব্যবস্থার উপর নির্ভরশীলতা
পরিবেশের নজিরবিহীন বিপর্যয়
উচ্চ হারে প্রযুক্তি নির্ভর যোগাযোগ
বৃহৎই উৎকৃষ্ট
জঘন্য প্রতিযোগিতা ও দুঃশ্চিন্তাময় জীবন
কেন্দ্রের একচ্ছত্র ক্ষমতা

স্থানীয় স্বনির্ভর ব্যবস্থায় যেতে পারলে?

কার্যকর গণতন্ত্র
স্থানীয় ও আঞ্চলিক স্বনির্ভরতার দিকে যাত্রা
পরিবেশের সুস্বাস্থ্য পুনরুদ্ধার করা
জনগণের প্রত্যক্ষ আন্তঃযোগাযোগ সমৃদ্ধ করা
মানুষের পরিসর ও গতির সমন্বয়ে অর্থনৈতিক
কর্মকাণ্ড পরিচালনা
টেকসই ও অর্থবহ কর্মসংস্থানের সুযোগ
সামাজিকভাবে টিকে থাকার সক্ষমতা বৃদ্ধি

বিশ্ব স্থানীয়করণ দিবস-২০২০ উপলক্ষে আমাদের সাথে বৈচিত্র্যপূর্ণ ও বর্ণাঢ্য জীবনের বেশ কয়েকজন গুণী ব্যক্তি যুক্ত হবেন। তাঁদের মধ্যে রয়েছেন-নোয়াম চমস্কি, এনি লেনক্স, জোয়ানা ম্যাসি, আইয়্যান ম্যাকগিলক্রিস্ট, এলিস ওয়াটারস, ব্রায়ান এনো, জোহান হ্যারী এবং চার্লস আইনস্টেইন। এছাড়াও থাকবেন আন্তর্জাতিকভাবে স্বীকৃত পরিবেশ কর্মী-বন্দনা শিভা, গেইল ব্রাড ব্রুক, ক্যামিলা মারিনো, আল-নূর লাধা এবং বেয়ো একোমোলেফ। চলচ্চিত্র নির্মাতাদের মধ্যে থেকে যুক্ত হবেন ড্যামন গ্যামোলং। এছাড়াও পৃথিবীর প্রত্যেক অঞ্চল থেকে সম্পৃক্ত হবেন বহু অর্থনীতিবিদ ও দায়িত্বশীল নাগরিকবৃন্দ।

বক্তৃতা ও আলোচনা অনুষ্ঠানের ফাঁকে ফাঁকে সংগীত, তারকা-আলাপ, এনিমেশন ও রাজনৈতিক হাস্যরসের আয়োজন থাকবে। সরাসরি প্রমোত্তর পর্বের সাথে 'বৈশ্বিক থেকে স্থানীয়' শিরোনামে ঘোষণা-পত্র পড়েও শোনানো হবে।

আঞ্চলিক ও স্থানিক পরিসরে স্থানীয়করণের সার্থক নজির স্থাপন করা এবং আর্থিক নীতির ক্ষেত্রে কৌশলগত পরিবর্তন সূচনার জন্য কীভাবে কার্যকর প্রচারাভিযান চালানো যায় সে ব্যাপারে সম্মেলন থেকেই অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে স্থানীয়করণের উপযোগী বাস্তব কর্মপন্থা উপস্থাপন করা হবে। **সম্ভাব্যপী একটি অনলাইন কোর্সেরও উদ্বোধন হবে এই আয়োজন থেকে।**

প্রচলিত ব্যবস্থার পরিবর্তনের জন্য এই প্রগতিময়, প্রেরণাদায়ক এবং জীবনমুখী উদ্যোগের সাথে আপনার সাগ্রহ অংশগ্রহণ আমাদের একান্ত কাম্য!

লোকাল ফিউচারস কর্তৃক প্রচারিত



Presented by Local Futures
www.localfutures.org

